# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**08 MAY 2026** **7:45—7:55 PM**

---

১) আগামীকাল পশ্চিমবঙ্গের নতুন মুখ্যমন্ত্রী হিসেবে আগামীকাল শুভেন্দু অধিকারীর শপথ গ্রহণ ।

২) বি জে পির প্রাক্তন সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা এবং হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়াব সিং সাইনীর উপস্থিতিতে আগামী রবিবার আসাম বি জে পির বিধায়িনী দলের নেতা নির্বাচন । ১২ মে শপথ গ্রহণ ।

৩) আকাশবাণীর ৯০ বছর পূর্তী উপলক্ষে আজ দেশের রাজধানী দিল্লীতে ম্যারাথনের আয়োজন ।

এবং

৪) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলাতেও আগামীকাল লোক আদালত

---

সদ্য সমাপ্ত পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে ওই রাজ্যের দুটি বিধানসভা আসন থেকে নির্বাচিত শ্রী শুভেন্দু অধিকারী আগামীকাল রবীন্দ্র জয়ন্তীর দিন পশ্চিমবঙ্গের নতুন মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করবেন । তিনিই হবেন পশ্চিমবঙ্গে প্রথম বি জে পি মুখ্যমন্ত্রী । কেন্দ্রীয় স্ব-রাষ্ট্র মন্ত্রী অমিত শাহর পৌরহিত্যে আজ কলকাতায় অনুষ্ঠিত দলের নির্বাচিত বিধায়কদের বৈঠকে শ্রী শুভেন্দু অধিকারীকে দলের নেতা নির্বাচিত করা হয় । কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে নতুন মন্ত্রীসভার শপথ গ্রহণের জন্য ইতিমধ্যেই চূড়ান্ত প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , বি জে পির বেশ কয়েকজন প্রবীন নেতা এবং বি জে পি শাসিত রাজ্য গুলির মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রীদের অনুষ্ঠানে অংশ গ্রহণ করার কথা

রয়েছে । বি জে পির প্রবীন নেতা ডক্টর হিমন্তবিশ্ব শর্মা ইতিমধ্যেই আগামীকালের শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য কোলকাতার উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন ।

------------------------------------------------------------------------------------------

রাজ্যে বি জে পি নেতৃত্বাধীন এন ডি এ সরকার আগামী ১২ মে একটানা তৃতীয় কার্যকালের জন্য শপথ গ্রহণ করবে । এই উদ্দেশ্যে ইতিমধ্যেই ব্যাপক প্রস্তুতি আরম্ভ হয়েছে । বি জে পির রাজ্য সভাপতি দিলীপ শইকীয়া জানিয়েছেন, খানাপরার পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয় খেলার মাঠে নতুন সরকার শপথ গ্রহণ করবে । শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এছাড়াও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , বি জে পির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন সহ অন্যান্য কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী এবং এন ডি এ শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রী , উপ-মুখ্যমন্ত্রী ও বি জে পির কয়েকজন প্রবীন নেতা উপস্থিত থাকবেন বলে শ্রী শইকীয়া জানিয়েছেন । তিনি আরো জানান যে আগামী রবিবার নবনির্বাচিত বি জে পি বিধায়নী দলের বৈঠক অনুষ্ঠিত হবে । এই বৈঠকে কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে দলের প্রাক্তন সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা এবং হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়াব সিং সাইনী উপস্থিত থেকে বিধায়নী দলের নেতা নির্বাচিত করবেন বলেও তিনি জানিয়েছেন ।

------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা আজ দেশের প্রথমশারীর স্বাস্থ্যসেবা ব্যবস্থা শক্তিশালী করার জন্য প্রাথমিক স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের প্রশিক্ষণ কার্যসূচির সূচনা করেন । এই প্রশিক্ষন প্রথমসারীর স্বাস্থ্য কর্মীদের দেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত চিকিৎসাসেবা প্রদানে সহায়তা করবে বলে আশা করা হচ্ছে । স্বাস্থ্য মন্ত্রনালয়ের প্রকাশ করা তথ্য অনুসারে গত কয়েক বছর ধরে প্রাথমিক স্বাস্থ্যসেবা শক্তিশালী করার ক্ষত্রে যথেষ্ট গুরুত্ব আরোপ করা হয়েছে । মন্ত্রনালয় জানিয়েছে যে গুণগত স্বাস্থ্যসেবা প্রদান , উন্নত সুবিধা লাভের ক্ষেত্রে অসুবিধা সমূহ দূর করা তথা স্বাস্থ্য ব্যবস্থার প্রতি জনসাধারণের বিশ্বাস শক্তিশালী করার জন্য একটি সু-প্রশিক্ষিত এবং আত্মবিশ্বাসী প্রাথমিক স্বাস্থ্য কর্মী গোষ্ঠী অত্যন্ত জরুরী হয়ে ওঠেছে । এই উদ্দেশ্যকে সামনে রেখেই প্রাথমিক স্বাস্থ্য কর্মীদের জন্য আজকের সু-সংহত প্রশিক্ষণ কর্মসূচির সূচনা করা হয়েছে বলে মন্ত্রনালয় প্রকাশ করেছে ।

------------------------------------------------------------------------------------------

আকাশবাণীর ৯০ বছর পূর্তী উপলক্ষে আজ দেশের রাজধানী দিল্লীতে ম্যারাথনের আয়োজন করা হয় । দিল্লীর আকাশবাণী ভবণ থেকে আরম্ভ হওয়া ওই ম্যারাথন কৃষি ভবণ , রেল ভবন এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক হয়ে প্রায় সাড়ে তিন কিলোমিটার সড়ক

অতিক্রম করে । এই ম্যারাথন আকাশবাণী , দূরদর্শন ও প্রসার ভারতীর আধিকারিক ও কর্মী তথা তাদের পরিবারের সদস্যরা অংশ গ্রহণ করেন । প্রসার ভারতীর মুখ্য কার্যবাহী আধিকারিক গৌরব দ্বিবেদী এবং আকাশবাণীর সঞ্চালক প্রধান রাজীব কুমার জৈন আজকের ম্যারাথনে অংশ গ্রহণ করে।

শ্রী জৈন বলেন যে এই উপলক্ষ্যে চলতি মাসে দেশের ২শো ৩২টি আকাশবাণী কেন্দ্রে একগুচ্ছ কর্মসূচির আয়োজন করা হবে । সরকারী প্রচারমাধ্যম হিসেবে আকাশবাণীর স্বিকৃতিস্বরূপ এই কর্মসূচি হাতে নেওয়া হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------

আকাশবানীর ৯০ বছর পূর্তি উপলক্ষ্যে আকাশবাণী শিলচর কেন্দ্র আগামীকাল  রবীন্দ্র জয়ন্তীর পূণ্য দিনে ‘কবি প্রণাম ’ শীর্ষক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে । শিলচর মহিলা কলেজ প্রেক্ষাগৃহে আগামীকাল বেলা সাড়ে ১১ টায় অনুষ্ঠেয় এই বিশেষ অনুষ্ঠানে রবীন্দ্র সংগীত পরিবেশন করবেন সুদীপ্তা ভট্টাচার্য ও পঙ্কজ কুমার নাথ ।

---------------------------------------------------------------------------------

আসাম মাধ্যমিক শিক্ষা পরিষদের দ্বারা অনুমোদিত নাহওয়া এবং ইউ ডাইসকোড না থাকা বিদ্যালয় গুলির নবম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের নাম সরকারী এবং প্রাদেশিকীকৃত বিদ্যালয় গুলিতে পঞ্জীয়ন না করতে মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয় নির্দেশ দিয়েছে । মাধ্যমিক শিক্ষা সঞ্চালক এই মর্মে একটি নির্দেশিকা জারী করেছে । এধরণের বিদ্যালয়গুলির ছাত্র-ছাত্রীদের নাম পঞ্জীয়নের ফলে বহু সরকারী এবং প্রাদেশিকীকৃত বিদ্যায়লে অসুবিধার সৃষ্টি হয়েছে বলে নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে । বিশেষকরে বিদ্যালয়গুলির পরীক্ষার কৃতকার্যতা পরীক্ষণ এবং নিরীক্ষণে অসুবিধার সৃষ্টি হয়ে বলেও উল্লেখ করা হয়েছে । ইতিমধ্যেই রাজ্যের বিদ্যালয়সমূহের পরিদর্শকদের মাধ্যমে সব সরকারী এবং প্রাদেশিকীকৃত বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের কাছে এই নির্দেশনা প্রেরণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

দেশের অন্যান্য অংশের সঙ্গে আসামেও আগামীকাল জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে লোক আদালত অনুষ্ঠিত হবে । এই জাতীয় লোক আদালতের মাধ্যমে বিভিন্ন ফৌজদারী , দেওয়ানী ,পারিবারিক , মোটর দূর্ঘটনা ,রাজস্ব সংক্রান্ত মামলা ইত্যাদির ব্যয়হীন দ্রুত নিষ্পত্তির ব্যাবস্থা করা হয়েছে । এছাড়া ব্যাঙ্কের লেনদেন সম্পর্কীত মামলা ,টেলিফোন বিল ,বিদ্যুত মাশুল সম্পর্কীত বিবাদগুলিও নিষ্পত্তি করা হবে । জনসাধারণের সুবিধার্থে এধরণের মামলাসমূহের আগাম শুনানীরও ব্যবস্থা করা হয়েছে ।

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে লোক আদালত অনুষ্ঠিত হবে ।
কাছাড় জেলার শিলচর আদালত প্রাঙ্গণে আগামীকাল জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে ।
শ্রীভূমি জেলা ও দায়রা জজ আদালত এবং মূখ্য ন্যায় দন্ডাধীশ আদালত প্রাঙ্গনে এই লোক আদালত অনুষ্ঠিত হবে।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গনে আগামীকাল জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতে জেলার বিভিন্ন আদালতে বিচারাধীন থাকা আপোষ মিমাংসাযোগ্য

দেওয়ানী ও ফৌজদারী মামলাগুলির নিষ্পত্তি করা হবে । এছাড়া জাতীয় লোক আদালতে বিচারাধীন মামলা ছাড়াও মামলা দাখিলের আগে বিভিন্ন বিবাদের নিষ্পত্তি করা হবে । তিন জেলা আইন সেবা কর্তৃপক্ষের পক্ষ থেকে জাতীয় লোক আদালতের সুযোগ গ্রহন করতে আহ্বান জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যে আগামী দোসরা আগস্ট থেকে দুটি পর্যায়ে অনুষ্ঠেয় লোকগণনা প্রক্রিয়ায় ৮৫ হাজার গণনাকারী আধিকারিক নিয়োগ করা হয়েছে । ১৭ আগস্ট থেকে গণনাকারী আধিকারিকরা ঘরে ঘরে গিয়ে জনগণনা করবে । এই প্রক্রিয়া ১৫ সেপ্টেম্বর পর্যন্ত চলবে । দেশের বিভিন্ন অংশে লোকগণনা অনুষ্ঠিত হলেও বিধানসভা নির্বাচনের জন্য আসামে এপর্যন্ত এই প্রক্রিয়া আরম্ভ হয়নি ।
দেশের ষোড়শ এবং স্বরাজ পরবর্তী ভারতের অষ্টম লোকগণনায় সামাজিক অবস্থা ও জাতিগত গণনা সহ জনসংখ্যা ও গৃহ গণনা অর্ন্তভুক্ত হয়েছে । ২০২৭ সালের ফেব্রুয়ারী পর্যন্ত অনুষ্ঠেয় এই লোকগণনা দুটি পর্যায়ে হবে । প্রথম পর্যায়ে ঘরের তালিকা প্রস্তুত করা হবে এবং দ্বিতীয় পর্যায়ে জনসংখ্যার গণনা করা হবে । এরজন্য আগামী বছরের পয়লা এপ্রিলকে ভিত্তি তারিখ হিসেবে নির্ধারণ করা হয়েছে । দেশে এবার প্রথমবারের জন্য সম্পূর্ন ডিজিটেল প্রক্রিয়ায় লোকগণনা হয়েছে । এই প্রক্রিয়ায় এনড্রয়েড ও আই ও এসে উপলব্ধ মোবাইল অ্যাপের মাধ্যমে তথ্যসমূহ সংগ্রহ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

আজ বিশ্ব থেলাসেমিয়া দিবস উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন প্রান্তে নানা কার্যসূচীর আয়োজন করা হয় । এই দিবস উপলক্ষ্যে বিভিন্ন হাসপাতালে থেলাসেমিয়া রোগীদের জন্য প্রারম্ভিক পরীক্ষা ,প্রতিষেধক ও উন্নত চিকিৎসার গুরুত্ব সম্পর্কে সচেতনতা কার্যসূচীর আয়োজন করা হয় । এছাড়াও থেলাসেমিয়া রোগীর নিরাপদ ও কার্যকর ব্যাবস্থাপনার জন্য হাসপাতালগুলিতে বিশেষ সুবিধা প্রদান করা হয় ।

-----------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলের রেল সুরক্ষা বাহিনীর উদ্যোগে যাত্রীদের সুরক্ষা সুনিশ্চিত করা, বে-আইনি কার্যকলাপ রোধ করা এবং একটি সুরক্ষিত রেল পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে ধারাবাহিক প্রচেষ্টা অব্যাহত রয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আর পি এফ , চলতি মাসে বিভিন্ন ধারার অধীনে তিন হাজার ৮১টি মামলা দায়ের করেছে এবং রেল চত্বরে বে-আইনী কার্যকলাপের অভীযোগে তিন হাজারেরও অধিক অপরাধীর বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহন করা হয়েছে । এছাড়া এক হাজার ৭৪ জন টিকিটবিহীন যাত্রী শনাক্ত করে ১০ লক্ষ টাকারও অধিক জরিমানা আদায় করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

লক্ষীপুরের প্রবীন নাগরিক সংস্থা , মণিপুরী ভাষা উন্নয়ন সমিতি , নথারোল খরিরোল সাহিত্য সংস্থা , মণিপুরী সাহিত্য পরিষদের লক্ষীপুর শাখা এবং মণিপুরী মহিলা লেখিকা সংস্থার যৌথ উদ্যোগে আগামীকাল পঁচিশে বৈশাখ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম দিন বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালন করা হবে । এ উপলক্ষ্যে স্থানীয় খরিরোল কমিউনিটি হলে কবিগুরুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী , আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার এরালিগুলের পন্ডিত দীন দয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের উদ্যোগে মানবতা , সামাজিকতা ও পরিবেশ সচেতনতার বার্তা ছড়িয়ে দিতে আজ বিশ্ব রেডক্রস দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে কলেজ প্রাঙ্গনে স্বচ্ছতা অভিযান পালন করা হয়েছে । এছাড়া আন্ত বিদ্যালয় কুইজ প্রতিযোগীতা অনুষ্টিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------